# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

## হাদিস নাম্বারঃ ১৬৪৫

২. সালাত অধ্যায় (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২২১. দু' ঈদের সালাতের কিরা'আত

بَاب الْقِرَاءَةِ فِي الْعِيدَيْنِ

### আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ يُوسُفَ حَدَّثَنَا سُفْيَانُ عَنْ إِبْرَاهِيمَ بْنِ مُحَمَّدِ بْنِ الْمُنْتَشِرِ عَنْ أَبِيهِ عَنْ حَبِيبِ بْنِ سَالِمٍ عَنْ النُّعْمَانِ بْنِ بَشِيرٍ قَالَ كَانَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقْرَأُ فِي الْعِيدَيْنِ وَالْجُمُعَةِ بِسَبِّحِ اسْمَ رَبِّكَ الْأَعْلَى وَهَلْ أَتَاكَ حَدِيثُ الْغَاشِيَةِ وَرُبَّمَا اجْتَمَعَا فَقَرَأَ بِهِمَا

### বাংলা

১৬৪৫. নূমান ইবন বাশীর রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম দু' ঈদের সালাতে এবং জুমু'আর সালাতে [“সাব্বি হিসমা রব্বিকাল আ'লা”-(সূরা আ'লা:১)] এবং [“হাল আতাকা হাদীছুল গশিয়াহ।”] (সূরা গশিয়াহ:১)পাঠ করতেন । রাবী বলেন, কখনো এ দু'টি (ঈদ ও জুমু-আ) একই দিনে একত্রিত হয়ে পড়লে উক্ত সূরা দু-টি উভয় সালাতে পাঠ করতেন ।[1]

### ফুটনোট

[1] তাহক্বীক: এর সনদ সহীহ।

তাখরীজ: সহীহ মুসলিম, জুমু'আহ ৮৭৮ (৬৩); এটি গত হয়েছে ১৬০৯ (অনুবাদে ১৬০৬) নং এ, সেখানে দেখুন।এছাড়াও পূর্ণ তাখরীজের জন্য সহীহ ইবনু হিব্বান নং ২৮২১ দেখুন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ নু'মান ইবনু বশীর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=81927

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন